

## ত্রি বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালা রোববার শুরু

বাংলাদেশ ধান গবেষণা ইন্সটিটিউটের (ত্রি) বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালা আগামী রোববার গাজীপুরে ত্রি মিলনায়তনে শুরু হচ্ছে। কর্মশালায় উদ্বোধনী অনুষ্ঠানে কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মুক্তিযুদ্ধ-বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী অ্যাডভোকেট আ ক ম মোজাম্মেল হক এমপি এবং গাজীপুর-২ আসনের সংসদ সদস্য মো. জাহিদ আহসান রাসেল এমপি। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. মো. কামাল উদ্দিন, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক মো. আবু হানিফ মিয়া। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন কৃষি মন্ত্রণালয়ের সচিব ড. এসএম নাজমুল ইসলাম। এতে 'গবেষণা অগ্রগতি ২০১২-১৩' শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করবেন ত্রি'র মহাপরিচালক ড. জীবন কৃষ্ণ বিশ্বাস এবং স্বাগত ভাষণ দেবেন ত্রি'র পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. শাহজাহান কবীর।

বিএআরসি, ডিএই, ইরিসহ সরকারি-বেসরকারি বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা, গবেষণা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি ও কৃষকসহ তিন শতাধিক অংশগ্রহণকারী এতে যোগ দেবেন।

কর্মশালায় গত এক বছরে ত্রি'র গবেষণা কার্যক্রমের পাশাপাশি দেশের জনগণের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার ক্ষেত্রে এ প্রতিষ্ঠানের অর্জন ও অগ্রগতি সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য তুলে ধরা হবে।

উল্লেখ্য, ত্রি এ পর্যন্ত চারটি হাইব্রিডসহ মোট ৬৫টি উচ্চফলনশীল ধানের জাত উদ্ভাবন করেছে। এসব ধান সনাতন ধানের জাতের তুলনায় তিনগুণ বেশি ফলন দেয়। বর্তমানে দেশের শতকরা প্রায় ৮০ ভাগ জমিতে ত্রি উদ্ভাবিত উচ্চফলনশীল ধানের চাষাবাদ করা হয় এবং এর থেকে আসে দেশের মোট ধান উৎপাদনের শতকরা প্রায় ৯০ ভাগ। আর এরই ফলে দেশে আবাদি জমির পরিমাণ কমে যাওয়া সত্ত্বেও চার দশক আগের তুলনায় দেশে ধান উৎপাদন বেড়েছে তিনগুণের বেশি। বিজ্ঞপ্তি